উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পটুয়াখালী।

জেলা প্রশিক্ষণ অফিসার	তড়িৎ ব্যবস্থা নিন
অতিরিক্ত উপপরিচালক শস্য/পুষ্টি/উদ্যান	ব্যবস্থা নিন
কৃষি প্রকৌশলী	আলাপ করুন
উন্নয়ন শাখা	
প্রশাসন শাখা	
হিসাব শাখা	
এস টিপা	
নথি নং- ৪৩৮	
তারিখ- ২২/৮/২২	উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

সভাপতি	মোঃ বেনজীর আলম মহাপরিচালক
সভার তারিখ	২২/০৩/২০২২ খ্রি:
সভার সময়	সকাল ১০.০০ টা
স্থান	ডিএই'র সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩৩০, ৩য় তলা, মধ্য ভবন), খামারবাড়ি, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট- ক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক ও শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভাপতির সভাপতিত্বে ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের উদ্দেশ্যে কর্মকর্তা-কর্মচারী নির্বাচনের নিমিত্ত ডিএই'র 'শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি'র সভা (১৫/০৩/২০২২ তারিখের স্থগিতকৃত সভা) অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র উপস্থাপন করার জন্য আহবান জানান।

০২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা শুরুতেই জানান, ডিএই'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর কার্যক্রম নং ১.৮ এর আওতায় "শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ" নির্ধারন আছে। এতে সূচকের মান ১ আছে এবং লক্ষ্যমাত্রা ২০/০৬/২০২২ তারিখ আছে। লক্ষ্যমাত্রা অর্জিত হলে ১ নম্বর পাওয়া যাবে। তাই কার্যক্রমটি যথাযথভাবে এবং যথাসময়ে সম্পাদনের উদ্দেশ্যে এ সভা আহবান করা হয়েছে। এরপর তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১"এর উল্লেখযোগ্য অংশ পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন এবং নীতিমালার ৭টি অনুচ্ছেদ সংক্ষিপ্ত আকারে আলোকপাত করেন।

০৩। এরপর বাছাই কমিটির সদস্য ও পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইংয়ের পরিচালকসহ সকল সদস্য "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" এর প্রয়োজনীয় দিকসমূহ আলোচনা করেন এবং প্রয়োজনীয় মতামত প্রদান করেন। সভায় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য উপযুক্ত কর্মকর্তা নির্বাচনের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
আলোচ্যসূচি-১.-"শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" পর্যালোচনা। আলোচনা: বাছাই কমিটির সকল সদস্য "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" এর প্রয়োজনীয় দিকসমূহ আলোচনা করেন এবং প্রয়োজনীয় মতামত/সিদ্ধান্ত প্রদান করেন।	১.১ মহাপরিচালকের দপ্তর, সকল উইং এবং প্রকল্প/কর্মসূচি পরিচালকের দপ্তরে কর্মরত ২-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন, ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন কর্মকর্তা/কর্মচারী এবং আঞ্চলিক কার্যালয়ের প্রধান/কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের প্রধানদের মধ্যে ১ জন করে মোট ৪ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করা হবে (নীতিমালার অনুচ্ছেদ ৩.৩)। ১.২ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নেতৃত্বে বাছাই কমিটি কর্তৃক পুরস্কার প্রদানের জন্য (উপরিউল্লিখিত ক্রমিক ১.১ এর ক্ষেত্রে) কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত হবে। ১.৩ জেলা কার্যালয়ের প্রধান বা আঞ্চলিক কার্যালয়/ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট/ কোয়ারেন্টাইন সেন্টার/হর্টিকালচার সেন্টারসমূহের নিজ নিজ কার্যালয়ের ৩-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন, ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন করে মোট ৩ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করা হবে (নীতিমালার অনুচ্ছেদ ৩.৪)। ১.৪ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের প্রধানের নেতৃত্বে বাছাই কমিটি কর্তৃক পুরস্কার প্রদানের জন্য (উপরিউল্লিখিত ক্রমিক ১.৩ এর ক্ষেত্রে) কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত হবে। ১.৫ জেলা পর্যায়ের কার্যালয়ের ৪-৯ গ্রেডভূক্ত/আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের প্রধান/৪-৯ গ্রেডভূক্ত ১জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন, ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন করে মোট ৩ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য (নীতিমালার ৩.৪ অনুসরণপূর্বক) নির্বাচন করা হবে। ১.৬ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের প্রধানের নেতৃত্বে বাছাই কমিটি কর্তৃক পুরস্কার প্রদানের জন্য (উপরিউল্লিখিত ক্রমিক ১.৫ এর ক্ষেত্রে) কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত হবে। ১.৭ চাকরিরত কর্মকর্তা/কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে নীতিমালার অনুচ্ছেদ- ৫ অনুযায়ী পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ করা হবে।	১. মহাপরিচালকের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি। ২. আঞ্চলিক/জেলা পর্যায়ের কার্যালয়ের প্রধানের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি। ৩. ফোকাল পয়েন্ট কর্মকর্তা।